নিবেদন Nibedan

লহো মম পুষ্পাঞ্জলি

'বাংলাদেশ সোসাইটি – পূজা ও সংস্কৃতি' এর মুখপত্র

A newsletter of 'Bangladesh Society for Puja & Culture Inc.'

20 July 2009 | ৩রা শ্রাবণ ১৪১৬ | Volume 12, Issue 3

সোসাইটির কার্যকরী পরিষদ

সভাপতি
শ্রী নির্মল পাল
☏ ০২ ৯৮৬৩ ২৬৪৪

সহ–সভাপতি
শ্রী নির্মল চৌধুরী
☏ ০২ ৯৬৭২ ৭১১৭

সাধারণ সম্পাদক
শ্রী নির্মাল্য তালুকদার
☏ ০৪০১ ২২৭ ৫২৯

সহ–সাধারণ সম্পাদক
শুন্য
☏

কোষাধ্যক্ষ
শ্রী উৎপল সাহা
☏ ০২ ৯৬৬৬ ৮৫৮৭

সাংস্কৃতিক সম্পাদক
শ্রী ধ্রুব ভৌমিক
☏ ০৪৩৩ ১৩৫ ০৭৭

জনসংযোগ সম্পাদক
ডঃ অমল চক্রবর্তী
☏ ০৪২২ ৪৭৩ ৮৮১

কার্যকরী সদস্য/সদস্যা
ডঃ নীলিমা পাল
☏ ০২ ৯৮৬৩ ৭৩৭৭

শ্রীমতি পুষ্প রানী পাল
☏ ০২ ৯৩১১ ০৭৯৫

ডঃ আশুতোষ বাড়ৈ
☏ ০২ ৯৬৬১ ৬৯৪৮

ডঃ রতন লাল কুন্ডু
☏ ০২ ৯৩৩১ ২৬২৬

ভেতরের পাতায়

সম্পাদকীয়
সভাপতির শুভেচ্ছা
সাধারণ সম্পাদকের শুভেচ্ছা
সোসাইটি সংবাদ
CPCL সংবাদ

Annual General Meeting 2009 held

The Annual General Meeting (AGM) of the Bangladesh Society for Puja and Culture Inc. (BSPC) was held on 22 February 2009 as per the scheduled date at Granville Town Hall, 10 Carlton Street, Granville, NSW 2142. At the AGM, the Election Commissioner Mr. Subal Chowdhury conducted the election of the BSPC. The members present at the AGM elected a new Executive Committee headed by Mr. Nirmal Paul as the President and Mr. Nirmalya Talukder as the General Secretary for 2009-2010.

The members present at the AGM elected the following team as Executive Committee with a view of reestablishing greater unity, mutual respect and friendliness among the BSPC members.

It has been noted that over the last few months the members of the BSPC have had continued the conflict resolution process with sub-

(Continued on page 2)

Newly Elected Executive Committee Members with the Election Commissioner

রবীন্দ্র–নজরুল–সুকান্ত জয়ন্তী উদ্‌যাপিত

অন্যান্য বছরের ন্যায় এবছরও বাংলাদেশ সোসাইটি – পূজা ও সংস্কৃতি (বি,এস,পি,সি) কর্তৃক গত ১৬ই মে যথাযথ মর্যাদায় 'রবীন্দ্র–নজরুল–সুকান্ত জয়ন্তী' উদ্‌যাপিত হয়। বাংলাদেশ সোসাইটির প্রবাসে সুস্থ্য সংস্কৃতি লালনে এই ব্যতিক্রমধর্মী উদ্যোগ এবছর বিভিন্ন দিক থেকে বিশেষ তাৎপর্য্য বহন করে। এই আয়োজনে এবছর অ্যাশফিল্ড পোলিশ ক্লাবে উপ্‌চে পড়া এপাড় বাংলা–ওপাড় বাংলার বাঙ্গালি শিল্পী ও দর্শকদের উপস্থিতি প্রমান করে সংস্কৃতির কোন ভৌগোলিক ও ধর্মীয় সীমারেখা নেই এবং রবীন্দ্র–নজরুল–সুকান্ত আমাদের সংস্কৃতির শিকড়েই প্রথিত।

এ সকল অনুষ্ঠানে নতুন প্রজন্মের অন্তর্ভূক্তির কৌশল হিসেবে অনুষ্ঠানের প্রাথমিক পর্যায়ে শিশু–কিশোরদের উন্মুক্ত বক্তৃতা ও বিতর্ক প্রতিযোগিতা এবং শেষাংশে ছোটদের পরিবেশনায় কবিগুরু রবি ঠাকুরের লেখা হাসির নাটক 'রোগের চিকিৎসা' দর্শকদের বিশেষ প্রশংসা কুড়াতে সক্ষম হয়।

অনুষ্ঠানের শুরুতে মিস্ তিথন পালের সাবলীল উপস্থাপনায় উন্মুক্ত বক্তৃতা ও বিতর্ক প্রতি–যোগিতায় সোসাইটির শিশু–কিশোর–কিশোরীদের স্বতঃস্ফুর্ত অংশগ্রহন ছিল একটি উল্লেখযোগ্য দিক। দশ বছর বা তার কম বয়সের শিশুদের জন্য আয়োজিত

২য় পৃষ্ঠায় দেখুন

Published on behalf of the 'Bangladesh Society for Puja & Culture Inc.' by Dr Amal Chakraborty, Public Relations Secretary

বাংলাদেশ সোসাইটি পুজা ও সংস্কৃতি'র (বি.এস.পি.সি) সকল সম্মানিত সদস্য–সদস্যাবৃন্দ, অতিথিবৃন্দ, এবং রবীন্দ্র নজরুল সুকান্ত জয়ন্তী অনুষ্ঠানে অংশগ্রহনকারী শিল্পীবৃন্দ ও মিডিয়া বন্ধুদের জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। বিগত প্রায় একটি বছর বি.এস.পি.সি'র ইতিহাসে একটি উল্লেখযোগ্য অধ্যায়। নানা প্রতিকুলতার মধ্যে দিয়েও আমরা বেশ কিছু পদক্ষেপ গ্রহন করেছি যা আমাদের নতুন প্রজন্ম কে বিশেষ ভাবে অনুপ্রানিত করেছে এবং আমাদেরকে নতুন করে পথ চলার সাহস যুগিয়েছে। নতুন প্রতিমা দিয়ে স্বরস্বতী পূজা উদ্‌যাপন, ভাষা সৈনিক জনাব রকিব–উদ দৌলার উপস্থিতিতে স্বাধীনতা দিবস ও বার্ষিক ক্রীড়া দিবস উদ্‌যাপন, এবং বি.এস.পি.সি'র সকল সাধারণ সদস্য–সদস্যাদের অনুরোধে অগ্রিম বাৎসরিক সাধারণ সভার আয়োজন সকলের মাঝে ব্যাপক সাড়া জাগায়। এছাড়াও এবার সকলের সমন্বয়ে আয়োজন করা হয় বি.এস.পি.সি'র বাৎসরিক বক্তৃতা ও বিতর্ক প্রতিযোগিতা, নাটক, এবং রবীন্দ্র –নজরুল–সুকান্ত জয়ন্তী অনুষ্ঠানের। সিডনীতে বসবাসরত এপাড় বাংলা–ওপাড় বাংলার প্রখ্যাত ও প্রতিষ্ঠিত শিল্পীদের অংশগ্রহনে এবারের অনুষ্ঠানমালা আমাদের নতুন প্রজন্মের মধ্যে বাংলা সংস্কৃতি ও মূল্যবোধের বিকাশে বিশেষ ভূমিকা রেখেছে বলে আমরা মনে করি।

বি.এস.পি.সি'র বর্তমান কার্যকরী পরিষদ নতুন অর্থবছরে বরাবরের মতই বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে নতুন উদ্যমে কাজ শুরু করতে যাচ্ছে। বিভিন্ন উল্লেখযোগ্য কার্যক্রমে ভরপুর আগামী একটি বছর সকলের আন্তরিক সহযোগিতা এবং অংশগ্রহন একান্ত ভাবে প্রত্যাশা করছি। এক যুগেরও বেশী সময় ধরে কষ্টার্জিত আমাদের প্রাণপ্রিয় সংগঠন বি.এস.পি.সি'র সুনাম পুণঃপ্রতিষ্ঠায় 'নিবেদন'–এর এই বিশেষ সংখ্যাটি উৎসর্গ করছি। এবং আন্তরিক ধন্যবাদ দিচ্ছি সবাইকে যাঁরা 'নিবেদন'–এর এই বিশেষ সংখ্যাটি প্রকাশে সর্বাত্মক সহযোগিতা করেছেন। সকলেই ভাল থাকুন।

– ডঃ অমল চক্রবর্তী

Annual General Meeting '09

(Continued from page 1)

stantial progress which was reflected by attending the SGM on 20th September and 20th December 2008, Society Punormilony on 15th November 2008 and the latest AGM on 22nd February 2009. During this course of time through our united movement, meetings, consultation and intense communication among members has proven that we need our beloved organisation as a friendly, harmonious and conflict-free. The newly elected Executive Committee requests for extending the cooperation, suggestions and valuable advice from all the members and well wishers to enhance and to uphold the image and integrity of BSPC.

Newly Elected EC Members for 2009-2010:

President: Mr Nirmal Paul

Vice-President:
Mr Nirmal Chowdhury

General Secretary:
Mr Nirmalya Talukder

Assistant General Secretary:
To be appointed

Treasurer: Mr Utpal Shaha

Cultural Secretary:
Mr Dhruba Bhowmik

Public Relations Secretary:
Dr Amal Chakraborty

Members:
Dr Nilima Paul
Mrs Pushpa Rani Paul
Dr Ashutosh Barai
Dr Ratan Lal Kundu

রবীন্দ্র–নজরুল–সুকান্ত জয়ন্তী

(১ম পৃষ্ঠার পর)

উন্মুক্ত বক্তৃতা প্রতিযোগিতায় অংশ নেয় ঋত্তিক ভট্টাচার্য্য, দেবলীনা চৌধুরী, দীপ্র রায় চৌধুরী এবং অনন্যা চৌধুরী (জয়া),। অপর দিকে দশ বছর বা তার বেশী বয়সের কিশোর–কিশোরীদের জন্য আয়োজিত বিতর্ক প্রতিযোগিতায় বিতর্ক বিষয়ের পক্ষে অংশ নেয় অন্তরা চৌধুরী ও মিষ্টি পাল এবং বিপক্ষে অংশ নেয় পৃথা বাড়ৈ ও অনন্যা ভট্টাচার্য্য। উন্মুক্ত বক্তৃতা ও বিতর্ক প্রতিযোগিতা দু'টো পরিকল্পনা ও পরিচালনা করেন ডঃ ভিনসেন্ট গোমস্।

কিশোর–কিশোরীদের দ্বারা অভিনীত নাটকটি পরিচালনা করেন শ্রীমতি শুভ্রা মিত্র। এতে বিভিন্ন চরিত্রে অভিনয় করে– পৃথা বাড়ৈ, রবিন কুন্ডু, সন্দীপ দাস, রীক সাহা ও অর্জুন সরকার। ক্ষুদে শিল্পীদের অনবদ্য অভিনয় দর্শকদের সর্বক্ষণ বিমোহিত করে রাখে এবং নাটকের পরিচালক ও অন্যান্য কলাকুশলীরা উপস্থিত সকলের ভূয়সী প্রশংসা অর্জন করেন।

সিডনীস্থ বিশিষ্ট শিল্পীবৃন্দের পরিবেশিত রবীন্দ্র, নজরুল ও সুকান্তের রচিত গান, নাচ ও কবিতা অনুষ্ঠানটিতে এক ভিন্ন মাত্রা যোগ করে। সোসাইটির সদস্য শ্রী নির্মল চক্রবর্ত্তী বাংলার এই তিন বরেণ্য কবিকে উৎসর্গ করে একটি আবহ সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠানের সুচনা করেন। অনুষ্ঠানের এই পর্যায়ে যাঁরাগানে অংশগ্রহন করেন তারা হলেন – যাঁরাঅমিয়া মতিন, সুমিতা দে, রিফাত ফাতেমা বিতা, শ্যামলী চৌধুরী, মনিকা বিশ্বাস, গাজী শওকত আলী এবং শহীদ মোহাম্মদ আশিক (সুজন)। এ সময় অনবদ্যভাবে তবলায় সংগত করেন অভিজিত বড়ুয়া ও জন্মেজয় রায়, মন্দিরায় সাজাহান বৈতালিক এবং বাঁশিতে গাজী শওকত আলী। গানের পাশাপাশি

(৮ম পৃষ্ঠায় দেখুন)

নির্বাচন কমিশনারকে ধন্যবাদ

বিগত ২২শে ফেব্রুয়ারী ২০০৯ শনিবার সাধারণ সভায় সোসাইটির ২০০৯–২০১০ বর্ষের কার্যকরী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। সার্থকভাবে এ নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন কমিশনার শ্রী সুবল চৌধুরীকে সোসাইটির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ।

বার্ষিক সাধারণ সভা ২০০৯ পরিচালনা করছেন বিগত কার্যকরী পরিষদের সভাপতি ও সহঃ সাধারণ সম্পাদক। তাঁদেরকে সভায় সহযোগিতা করছেন ডঃ রতন লাল কুন্ডু।

নির্বাচন পরিচালনা করছেন শ্রী সুবল চৌধুরী, সাথে সহ–যোগিতা করছেন শ্রী অশোক রায় ও শ্রী হারান সরকার।

সভাপতির শুভেচ্ছা

বি,এস,পি,সি'র ত্রয়োদশ বছরের প্রারম্ভে সকলের জন্য শুভেচ্ছা রইল। দ্বাদশ বর্ষটি একক ভাবেই যেন ছিল আমাদের কাছে যুগসম। মহান স্রষ্টার অনুগ্রহে আমরা সময় (২০০৮–০৯) অতিক্রান্ত করলেও সমস্যার বেড়াজাল থেকে মুক্ত হতে পারিনি। দীর্ঘদিনের পরিচর্যাপুষ্ট আমাদের কথা ও কাজের সার্বজনীন সমন্বয়হীনতা এর জন্য দায়ী। পুঞ্জিভূত এই সমস্যা থেকে উত্তরণের জন্য বর্তমান কার্যকরী কমিটি অত্যন্ত ধৈর্য ও কৌশলগত অবস্থান বজায় রেখে কাজ করে যাচ্ছে। যার ফলশ্রুতিতে আমরা কমিউনিটি রিলেশনস্ কমিশন থেকে তিন হাজার ডলার অনুদান পেয়েছি এবং ফেয়ার ট্রেডিং–এর মাননীয় মন্ত্রী রবীন্দ্র–নজরুল–সুকান্ত জয়ন্তীতে আমাদের আতিথেয়তা গ্রহন করেছেন। আমাদের আভ্যন্তরীণ মতবিরোধ নিরসনে উভয়পক্ষকে সম্মিলিতভাবে একজন নিরপেক্ষ ব্যাক্তির তত্ত্বাবধানে নতুন করে আরো একটি বিশেষ সাধারনণ সভার আহ্বান ও পাবলিক অফিসার পদের সুরাহা করার পরামর্শ রেখেছেন ফেয়ার ট্রেডিং এর কমকর্তা মি. টনি ডনোভ্যান। আমরা একজন নির–পেক্ষ ব্যক্তি প্রেরণের জন্য ফেয়ার ট্রেডিং–এর পরামর্শ মতে কমিউনিটি জাস্টিস সেন্টারের স্মরণাপন্ন হয়ে ব্যর্থ হয়েছি। আমাদের স্থির বিশ্বাস যেহেতু আমরা ২০০৮–০৯ কার্যকরীকাল অতিক্রান্ত করেছি, সেহেতু আমাদের অভিযোগ উত্থাপনকারী বন্ধুগন সোসাইটির বৃহত্তর স্বার্থে একসাথে কাজ করার পথ বেছে নেবেন। বর্তমান কার্যকরী কমিটি ২০০৯–১০ মতবিরোধ নিরষনের জন্য নিঃশর্ত ভাবে সোসাইটির স্বার্থ সংশ্লিষ্ট যেকোন গঠনমূলক প্রস্তাব নিয়ে আলোচ নায় বদ্ধপরিকর। আমরা আরও বিশ্বাস করি যে, যতদিন বি,এস,পি,সি'র আদর্শ সমুন্নত রেখে সামাজিক কর্মকান্ডের স্বচ্ছতা অব্যাহত থাকবে, ততদিন বি,এস,পি,সি তার ধারায় এই বহুমাত্রিক সমাজে আরও গতিশীল হবে। প্রয়োজন আমাদের ঐক্য, ভ্রাতৃত্ববোধ ও পারস্পরিক শ্রদ্ধার পুণরুদ্ধার। এজন্য সমালোচনার পথ পরিহার করে আত্মসমালোচনার মাধ্যমে নতুন প্রজন্মের জন্য সম্মিলিতভাবে সোসাইটিকে গড়ে তোলার প্রয়াসী হওয়া সবচাইতে গুরুত্বপূর্ণ। আমরা আপনাদের সকলের সহযোগিতা ও পরামর্শ কামনা করছি।

– নির্মল পাল

সাধারণ সম্পাদকের শুভেচ্ছা

It is with great pride and pleasure that with the support and encouragement of our members and well wishers, we have organized a number of events and activities throughout the year in a broader perspective. I believe that this is a great opportunity for us to work together for the betterment of our Society with the overwhelming support and participation of our members, their families and friends. We urge the broader Bengali Community to promote and enrich our cultural values together. Our unity in the diversity will enable us to consolidate mutual understanding and friendship and will also enable us to present a rich culture in a dignified manner to our future generation as well as the Australian Multicultural Society. I thank all of you for your participation and for providing support and valuable advice to us for enhancing harmony and mutual respect among members and to enable us to work for achieving a greater unity.

- Nirmalya Talukder

BSPC Participated in Baishakhi Mela 2009

Just like last few years the Bangladesh Society for Puja and Culture Inc (BSPC) has participated in the Baishakhi Melas this year in Sydney. The BSPC had set up one stall in each of the mela grounds on 11th April at Tempe Park and on 18th April at Sydney Olympic Park respectively. The purpose of the mela stalls was to raise funds for a Centre for Puja and Culture for wider Bengali Hindu communities living in Australia specifically focusing on preserving the Bengali culture and values for our next generation. It is fantastic to report that with enormous help and assistance from all members of BSPC highest sales ever been made in both melas separately!! The Executive Committee (EC) would like to cordially acknowledge that without the active involvement and participation of the members at the BSPC Mela Stalls, our success in raising funds for our beloved Centre for Puja and Culture would have never been possible.

বৈশাখী মেলার স্টলে সোসাইটির স্বেচ্ছাসেবীগন

আমাদের সর্বশেষ অবস্থা

বিগত ২০০৮–০৯ইং সময়কালের সমস্যাশংকুল কার্যকরী কমিটির গঠনতান্ত্রিক কার্যকাল সম্পন্ন হলেও দূর্ভাগ্যজনকভাবে উদ্ভুত বিরোধের নিস্পত্তি নিয়ে আমাদের সংশয় এখনো কাটেনি। বর্তমান কার্যকরী কমিটি (২০০৯–১০) ২২শে ফেব্রুয়ারী, ২০০৯ দায়িত্ব গ্রহনের পর থেকেই সমস্যা থেকে উত্তরণের সার্বিক প্রয়াসের পাশাপাশি সোসাইটির ঐতিহ্য মোতাবেক সকল কার্যক্রম চালিয়ে যাওয়া ও সদস্য/সদস্যাদের মধ্যে ঐক্য, ভ্রাতৃত্ব ও পারস্পরিক শ্রদ্ধাবোধ পূণরুদ্ধারের জন্য অত্যন্ত সতর্কতা ও গঠনমূলক ভাবে কাজ করে যাচ্ছে। এই কৌশলগত অবস্থানের এক পর্যায়ে ফেয়ার ট্রেডিং এর কর্মকর্তা মি. টনি ডনোভ্যান এর পরামর্শ (০১/০৫/০৯) অনুযায়ী যৌথভাবে অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভায় মধ্যস্থতা করার জন্য কমিউনিটি জাস্টিস সেন্টারের প্রতি আমরা আবারও অনুরোধ জানাই। কমিউনিটি জাস্টিস সেন্টার আমাদের ২২/৩/০৯ তারিখে অনুষ্ঠিত মেডিয়েশন সেশনের ব্যর্থতার অযুহাতে আমাদের আবেদন প্রত্যাখ্যান করে (০৭/০৭/০৯)। এখানে উল্লেখ্য, ফেয়ার ট্রেডিং এর কর্মকর্তা মি. টনি ডনোভ্যান আমাদের বিরোধপূর্ণ অনড় অবস্থান, ও কমিউনিটি জাস্টিস সেন্টারের মধ্যস্থতায় ২২/৩/০৯ তারিখে অনুষ্ঠিত মেডিয়েশন সেশনের ব্যর্থতার কারন টেনে বিরোধ নিরষণের প্রাথমিক সমাধান হিসাবে আরবিট্রেশনের পরামর্শ দেন। আমরা এই পরামর্শকে সোসাইটির জন্য আ–ত্মঘাতী হিসাবে বিবেচনা করি এবং বিশ্বাস করি আমাদের মধ্যে মতবিরোধ যত তীব্রই হউক না কেন, আমরা কোনভাবেই সোসাইটির ক্ষতি হউক তা কেউই চাই না। আমরা মনে করি আদালত নয়, আমাদের সাধারণ সদস্যরাই আমাদের শক্তি ও চূড়ান্ত সিদ্ধান্ত প্রদানকারী। আমরা সকলেই গনতান্ত্রিক ও গঠনতান্ত্রিক প্রক্রিয়ায় শ্রদ্ধাশীল এবং আমরা সোসাইটির কল্যানে গঠনমূলক আলোচনার মাধ্যমে আমাদের সকল সমস্যা সমাধান করতে পারি এবং বদ্ধপরিকরও বটে।

এমতাবস্থায় বর্তমান কার্যকরী কমিটি (২০০৯–১০) ফেয়ার ট্রেডিং এর কর্মকর্তা মি. টনি ডনোভ্যানের দ্বিতীয় পরামর্শ অনুযায়ী সকল সদস্য/সদস্যাদের মাধ্যমে বিশেষভাবে মি. অপু সাহাসহ সংশ্লিষ্ট সকলকে আলোচনার মাধ্যমে বিরোধ নিরসণের জন্য আনুষ্ঠানিকভাবে আহ্বান জানাচ্ছে। বর্তমান কার্যকরী কমিটি দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, আমাদের সামগ্রিক ঐক্য ও কমিউনিটিকেন্দ্রিক কার্যক্রম অব্যাহত থাকলে আমাদের কষ্টার্জিত অর্থ ও সম্পদ বাজেয়াপ্ততো দুরের কথা এর কোটা বাড়বে বৈ কমবে না। ভয় বা বিরোধ নয়, ঐক্যবদ্ধ গঠনমূলক ও সৃজনশীল উদ্যোগই হউক আমাদের পাথেয়।

আসুন সকলে মিলে মিশে আমাদের এই প্রিয় সংঠনকে নতুনভাবে গড়ে তুলি।

– কার্যকরী কমিটি (২০০৯–১০)

CPCL News

After the AGM of BSPC held in February 2009, the existing CPCL board was re-confirmed. The CPCL board attended three extended meetings with BSPC EC. At those meetings, the board expressed its full co-operation with present BSPC EC to achieving its goals and objectives. The board has been working hard for fulfilling our ultimate desire to have a Mandir for our community. It is quite encouraging to observe that our confidence to establish a Mandir has been growing with increased support from community members. This year, BSPC EC organised two stalls at Boisakhai Mella at Tempe and Sydney Olympic Park in support of CPCL on 11 and 18 April, respectively. CPCL Board thanks to all sincere and hard working volunteers who made these endeavours successful.

We believe in the fact that there is a great benefit of regular funding arrangement through direct and indirect contribution and support from BSPC members and well-wishers. The Board once again thanks to all those who have been contributing the recommended $200 lump sum and monthly contributions ($20 per month per member family and $10 per month per single member) to the Mandir (CPCL) fund. The new Board is requesting the BSPC members to pay their contribution dues (both $200 lump sum and monthly contributions) at the members' earliest convenience.

The CPCL board wishes you and your family a very happy and safe life.

সোসাইটির কর্মকান্ডে এগিয়ে আসুন

বিগত এক যুগেরও বেশী সময় ধরে বাংলাদেশ সোসাইটি পূজা ও সংস্কৃতি অষ্ট্রেলিয়াতে বেড়ে উঠা আমাদের নতুন প্রজন্মের মধ্যে বাংলা সংস্কৃতি ও মূল্যবোধ ধরে রাখবার জন্য নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। আমাদের এ সোসাইটির সমস্ত কাজকর্ম পরিচালিত হয় সদস্য–সদস্যাদের স্বতঃস্ফূর্ত সহযোগিতা ও অংশগ্রহনের মাধ্যমে। সোসাইটির যে কোন কার্যক্রমে আপনার অবদান সাদরে প্রশংশিত হবে। সোসাইটির বিভিন্ন কার্যক্রমের মধ্যে রয়েছে– সাংস্কৃতিক, পূজা পরিচালনা, পূজার রান্না করা, সাউন্ড সিস্টেম নিয়ন্ত্রন, ওয়েবসাইট উন্নয়ন, 'নিবেদন' প্রকাশনা, বিভিন্ন অনুষ্ঠান ব্যবস্থাপনা, মন্দির প্রতিষ্ঠার জন্য ফান্ড রেইজিং ইত্যাদি। এসব কাজের যেকোন দিকে যদি আপনার প্রতিভা দিয়ে সহযোগিতা করতে সক্ষম এবং আগ্রহী হন তাহলে অনুগ্রহ করে কার্যকরী কমিটির যেকোন সদস্য/সদস্যার সাথে যোগাযোগ করুন। এ সোসাইটি যেমন আপনার, আমার সকলের তেমনি একে সফলভাবে এগিয়ে নেয়ার দায়িত্বও আমাদের সবার। সুতরাং আপনার যেকোন ধরনের সহযোগিতাই সোসাইটিকে আরও এক ধাপ এগিয়ে নিতে সহায়তা করবে।

– কার্যকরী পরিষদ

শোক সংবাদ

সোসাইটির সদস্য শ্রী প্রশান্ত সাহার পিতা স্বর্গীয় অনিল কুমার সাহা গত ৩০শে এপ্রিল ২০০৯ বৃহস্পতিবার ঢাকাস্থ তাঁর নিজস্ব বাসভবনে একটি হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৯ বছর। তিনি ৩ পুত্র, ১ কন্যা, নাতী–নাতনীসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

সোসাইটির অপর সদস্য শ্রী আশুতোষ বাড়ৈ'র মাতা স্বর্গীয়া নীভা রানী বাড়ৈ গত ৬ই জুন ২০০৯ শণিবার ফরিদপুরস্থ তাঁর নিজস্ব বাসভবনে শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯০ বছর। তিনি ৩ পুত্র, ১ কণ্যা, নাতী–নাতনীসহ অনেক গুনগ্রাহী রেখে গেছেন।

সোসাইটি উভয় পরলোকগত আত্মার শান্তি কামনা ও শোকার্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

YoungSters Page

Society Congratulates Selective Youngsters!

The Executive Committee congratulates the recently selected youngsters at various Selective Schools in NSW. The EC wishes very best in their future career-shaping endeavour.

The Selected Youngsters are:

Avishek Das
Sydney Tech High School
Parents:
Dr. Tushar Kanti Das & DR. Arpita Das

Arjun Sarker
Parramatta High School
Parents:
Mr Pradip Sarker & Mrs Manju Chakraborty

Arnab Roy Chowdhury
Penrith High School
Parents:
Mr Arup and Mrs Munmoon Roy Chowdhury

Pritha Barai
Sydney Girls High School
Parents:
Dr. Ashutosh & Mrs Shila Barai

Rahul Ghatak
Tempe High School
Parents:
Mr Kamal & Mrs Anima Ghatak

Rick Shaha
North Sydney Boys High School
Parents:
Mr Utpal and Mrs Snigdha Shaha

Tithi Saha Roy
Penrith High School
Parents:
Mr Swapan & Mrs Debjany Saha Roy

Public Speaking Competition

Boys & Girls, Age Group- below 10 years

Topic: **What I like about Puja**

Participants:

- Rithik Bhattacherjee
- Debolina Chowdhury
- Dipro Roy Chowdhury
- Aunonna Roy Chowdhury

Winners:

1st: Aunonna Chowdhury (Joya)
2nd: Dipro Roy Chowdhury
3rd: Debolina Chowdhury

Youth Debate Competition

Boys & Girls, Age Group– over 10 Years

Topic: **Only Youths should take the leadership to promote our Culture in Australian Multi-Cultural Society.**

Participants:

For Team: Ritu Bhattacherjee & Pritha Barai

Against Team: Auntora Chowdhury & Misty Paul

Winners:

Winning Team: Against Team
Best Speaker: Misty Paul

Debate Best Speaker Misty Paul

Public Speaking Competition participants

Public Speaking & Debate Competition Judges

Youths' participation & performance on the day was supported by a fund from Community Relations Commission, NSW.

COMMUNITY RELATIONS COMMISSION
For a multicultural NSW

Youngsters to lead Saraswati Puja 2010

Since the Saraswati Puja is for learners, to make it realistic the current Executive Committee has decided that it will encourage our young generation to lead the future Saraswati Puja. Soon a youth team will be formed to coordinate the Puja Festival. The adults will be there to assist the youngsters. This is an attempt to bring our youngsters into the leadership of the Societal works. Our youngsters are advised to start thinking and planning as to how they would want to celebrate the upcoming Saraswati Puja. Please express your interest and thoughts in this regard to the EC to start the process.

Extract from Speech from Hon Virginia Judge, MP

Namashkar, Thank you for that very warm introduction. It is absolute pleasure to be here with you this evening.....

First and most importantly we should acknowledge that we are on the land of traditional Australian people, our indigenous people and we celebrate their culture as one of the country's oldest culture in the human history. .....It's a great pleasure to join you for this cultural night which honours 3 famous Bengali Poets.....is an example of a Bengali community's leadership maintaining and sharing its wonderful and unique and special culture. And I think we must formally thank the dedication and effort of the BSPC for bringing the legacy of these wonderful famous writers to our community right here in my electorate of NSW in Strathfield and it is that wonderful in a Polish Club..... I think love and respect of language and history is also important to the people of Bangladesh and your people. And I think.....UNESCO's decision to observe 21st February as International Mother Language Day and IMLD Monument at Ashfield Park a great achievement by your community.

..... This evening, we are here to experience at first hand at the cold face the rich culture of Bangladesh and the neighbouring state of West Bengal with a vibrancy and passionate singers and dancers from these places. Our government recognises the importance contribution that Bangladeshi Australians have made to the economic and cultural development of the State.

In conclusion, on behalf of the NSW government I congratulate the BSPC for organising tonight's cultural event. I wish everyone a very enjoyable evening and I assure you my cooperation and support in practicing your culture in NSW.

Participants of Youth Drama Roger Chikitsha

Hon Virginia Judge, MP addressing the audience

Hon Virginia Judge, MP with the audience

Section of audience in the Rabindra-Nazrul-Sukanta Joyanti Function

স্বাধীনতা দিবস ও বার্ষিক ক্রীড়া দিবস উদ্‌যাপন

প্রতিবছরের ন্যায় এবারও বাংলাদেশ সোসাইটি–পূজা ও সংস্কৃতি'র উদ্যোগে গত ২৯শে মার্চ ২০০৯ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্মৃতিসৌধের প্রাঙ্গনে যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের ৩৮তম স্বাধীনতা দিবস ও সোসাইটির বার্ষিক ক্রীড়াদিবস উদ্‌যাপিত হয়। ভাষা সৈনিক জনাব রকিব–উদ দৌলা প্রধান অতিথি হিসাবে বাংলাদেশের পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের উদ্বোধন করেন এবং নতুন প্রজন্মের উদ্দেশ্যে স্বরচিত একটি কবিতা পাঠের মাধ্যমে প্রবাসে স্বাধীনতা দিবস উদ্‌যাপনের তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরেন। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ডীন প্রফেসর সোমেন দেওয়ান বিশেষ অতিথির বক্তৃতায় বাংলাদেশ সোসাইটি কর্তৃক প্রবাসে দেশীয় কায়দায় স্বাধীনতা দিবস উদ্‌যাপনের উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন এবং নতুন প্রজন্মের কাছে আমাদের কৃষ্টি ও সংস্কৃতিকে ধারন করার সঠিক পদক্ষেপ হিসাবে আখ্যায়িত করেন।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে সংগঠনের সদস্য–সদস্যা, সন্তান–সন্ততিসহ আগত শতাধিক ব্যক্তিবর্গ সারাদিন–ব্যাপী আনন্দঘন পরিবেশে বিভিন্ন পর্যায়ের ত্র ীড়া ও ক্রিকেট প্রতিযোগিতায় অংশ গ্রহন করেন। সবশেষে প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে সনদ ও মেডেল দিয়ে পুরস্কৃত করেন যথাক্রমে সোসাইটির সহ–সভাপতি শ্রী নির্মল চৌধুরী ও সভাপতি শ্রী নির্মল পাল। পুরস্কার বিতরন অনুষ্ঠান পরিচালনা করেন সাধারন সম্পাদক শ্রী নির্মাল্য তালুকদার। সামগ্রিক অনুষ্ঠানটি সমন্বয় করেন সহ–সভাপতি শ্রী নির্মল চৌধুরী।

প্রধান অতিথি ও বিশেষ অতিথিসহ সকলের উপস্থিতি ও অংশগ্রহনের মাধ্যমে অনুষ্ঠানটি প্রাণবন্ত ও সার্থক করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি শ্রী নির্মল পাল অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।

রবীন্দ্র–নজরুল–সুকান্ত জয়ন্তী

(২য় পৃষ্ঠার পর)

নৃত্যে অংশগ্রহন করেন শিল্পী মৌসুমি সাহা, মনিকা বিশ্বাস, এবং অজন্তা ভট্টাচার্য্য। এছাড়া ড. রতন লাল কুন্ডু এবং মিসেস কোকো সাহা দু'টি চমৎকার কবিতা আবৃত্তি দর্শকদের উপহার দেন।

অনুষ্ঠানে শ্রী ইন্দ্রনীল ভট্টাচার্য্যের পরিবেশিত শ্রুতিনাটক দর্শকদের বিশেষ দৃষ্টি আকর্ষণে সমর্থ হয়। বি,এস,পি,সি–র নিজস্ব শিল্পীদের পরিবেশনায় ৩টি গনসঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। কল্পনা মজুমদারের নেতৃত্বে এ গনসঙ্গীতে যারা অংশগ্রহন করেন তারা হলেন– শীলা বাড়ৈ, মধুমিতা সাহা, নন্দিতা তালুকদার, নীপা রায়, স্বপন সাহা রায়, নির্মল চক্রবর্ত্তী, নির্মল পাল, ও অমল চক্রবর্ত্তী। এ পর্বে তবলায় সহযোগিতা করেন শ্রী নির্মল চৌধুরী। সমগ্র সাংস্কৃতিক অনুষ্ঠানটিকে চমৎ–কার সাবলীল উপস্থাপনার মাধ্যমে দর্শকদের সার্বক্ষণিক ভাবে মাতিয়ে রাখতে সহায়তা করেন লুনা চৌধুরী এবং ঝুমুর দাস। সাংস্কৃতিক পর্বটি অত্যন্ত সফল ভাবে পরিকল্পনা ও পরিচালনা করেন শ্রী ধ্রুব ভৌমিক।

নিউ সাউথ ওয়েল্স সরকারের মাননীয়া মন্ত্রী ভার্জিনিয়া জাজ এই সুন্দর অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আমাদের সংস্কৃতি লালনে সরকারের আগ্রহ ও পুর্ণ সহযোগিতার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। এ ছাড়াও অনুষ্ঠানে নিউ সাউথ ওয়েল্স পার্লামেন্টের দেওয়ালী উদ্‌যাপন কমিটির চেয়ারপারসন শ্রী রাজ দত্ত বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সবশেষে বাংলাদেশ সোসাইটি'র বর্তমান সভাপতি শ্রী নির্মল পাল উপস্থিত সকল সম্মানিত সদস্য–সদস্যা, শিল্পী, অতিথিবৃন্দ, সাংবাদিক, কলাকুশলী, এবং অনুষ্ঠানটিকে

(১০ম পৃষ্ঠায় দেখুন)

Winners of Annual Sports Day Competitions

***Freehand Run*: Boys-Girls, 2 yrs**
1st: Rimi Roy
2nd: Tonmoy Roy Chowdhury
3rd: Arushi Das, Papri Mallik & Nea Talukder

***Freehand Run*: Boys-Girls, 4-7 yrs**
1st: Neel Das
2nd: Bidhu Ghosh
3rd: Shuvaraj Das & Nabanita Das

***Biscuit Run*: Boys, 7+ - 9 yrs**
1st: Dipro Roy Chowdhury
2nd: Oliver Sarker
3rd: Sumon Majumder

***Biscuit Run*: Boys, 7+ - 9 yrs**
1st: Aunonna Chowdhury (Joya)

***Balance Race*: Boys, 9+ - 12 yrs**
1st: Sandeep Das
2nd: Rick Shaha
3rd: Sudipta Sarkar

***Balance Race*: Girls, 9+ - 12 yrs**
1st: Tithi Roy
2nd: Bristie Ghosh
3rd: Pritha barai

***Freehand Run*: Boys, 12+ - 15 yrs**
1st: Anindya Bhattacharjee
2nd: Dripra Bhattacharjee
3rd: Dhruba Paul

***Freehand Run*: Girls, 12+ - 15 yrs**
1st: Puja Sarkar
2nd: Monika Majumder
3rd: Sarmistha Sarkar

***Puzzle Solving:* Boys-Girls, 15+ yrs**
1st: Himadri Sarkar
2nd: Partha Sarker
3rd: Rabin Kundu

***Cricket Match*: Youths** vs **Adults**
Champion Team: Youths
Runner Up Team: Adults
Player of the Match: Partha Sarker

Women's Musical Pillow
1st: Mrs Shewlee Das
2nd: Mrs Ratna Bhattacharjee
3rd: Mrs Suchitra Kundu

Couples Competition
1st: Mrs Jhumur & Mr Sushovan Das
2nd: Mrs Tapati & Mr Haran Sarkar and Mrs Nilima & Mr Swapan Paul
3rd: Mrs Suchitra & Mr Ratan Kundu

সরস্বতী পূজা ২০০৯ উদ্‌যাপিত

গত ৩১শে জানুয়ারী শনিবার স্থানীয় গ্র্যানভিল টাউন হলে বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে উদ্‌যাপিত হয়ে গেল ২০০৯ সালের সার্বজনীন সরস্বতী পূজা। বিপুল পরিমান পূজারী ও ভক্তবৃন্দের উপস্থিতিতে এ পূজা মঙ্গপ হয়ে উঠেছিল এক বিশাল মিলন কেন্দ্রে। শিশু–কিশোর–কিশোরী ও তাদের অভিভাবক–অভিভাবিকাগন সারাদিনব্যাপী এ অনুষ্ঠান অধীর উৎসাহে উপভোগ করেন।

দিনের শুরু হয় সকাল ৯টায় পূজারম্ভ দিয়ে। বেলা ১১টায় শ্রী শশাঙ্ক দাসের পরিচালনায় অনুষ্ঠিত হয় শিশুদের চিত্র াঙ্কন প্রতিযোগিতা। এতে আশাতীত সংখ্যক শিশুরা অংশগ্রহন করে। পূজা শেষে পর পর ৩ বার অঞ্জলি পরিচ ালনা করেন পূজারী শ্রী নির্মল চত্র বর্তী। অঞ্জলির পর তিনি পরিচালনা করেন শিশুদের হাতেখড়ি অনুষ্ঠান।

দুপুরের প্রসাদ ও মধ্যাহ্নভোজ পরিবেশনের পর অনুষ্ঠিত হয় কিশোর –কিশোরীদের পূজা কুইজ। এবার সেটি প্ররিচালনা করেন ডঃ স্বপন পাল। এর পরপরই শুরু হয় পূজা আলোচনা। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় শ্রী

রামকৃষ্ণ মিশনের স্বামীজি চন্দ্র–শেখরানন্দ ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্যানবেরাস্থ বাংলাদেশ হাই কমিশনারের প্রতিনিধি জনাব নজরুল ইসলাম। এ পর্বটির সভাপতিত্ব করেন সোসাইটির সভাপতি শ্রী নির্মল পাল ও পরিচালনা করেন সোসাইটির সাধারণ সম্পাদক শ্রী নির্মাল্য তালুকদার। স্বামীজি তঁ ার বক্তব্যে সরস্বতী পূজা কি ও এর গুরুত্ব নিয়ে আলোকপাত করেন।

বিকালে অনুষ্ঠিত হয় পূজার বিশেষ আকর্ষণীয় পর্ব সবার অংশগ্রহনে আরতি নৃত্য। এতে বরাবরের মত এবারও উপস্থিত ভক্তবৃন্দের অধিকাংশই অংশগ্রহন করেন এবং উপভোগ করেন।

সন্ধ্যায় শুরু হয় শিশু–কিশোর–কিশোরীদের পরিবেশিত পাঁচমিশেলী সাংস্কৃতিক অনুষ্ঠান 'হ–য–ব–র–ল'। এতে অংশগ্রহন করে বিপুল সংখ্যক শিশু–কিশোর–কিশোরী। উপস্থিত দর্শকরা আমাদের এই ক্ষুদে শিল্পীদের নিপূণতায় মোহিত হন। এর পর শুরু হয় বড়দের পরিবেশনা। এতে অতিথি শিল্পী শ্রীমতি শুভ্রা মিত্র প্রযোজিত পূর্ণেন্দু পত্রীর 'কথপোকথন' সবাইকে প্রাণখুলে হাসতে সাহায্য করে। এ পর্বে শুভ্রা মিত্র ও ডঃ রতন কুন্ডুর নিপুণ অভিনয় ছিল প্রশংশনীয়। এর পর শ্রী নির্মল চক্রবর্তীর প্রযোজনায় পরিবেশিত হয় গীতি–নৃত্য–নাট্য 'হৃদয় তুই যে হারালি সেই কবে'।

(১১শ পৃষ্ঠায় দেখুন)

সরস্বতী পূজা ২০০৯–এ উপস্থিত পূজারীবৃন্দের একাংশ

সরস্বতী পূজা ২০০৯–এ উপস্থিত অতিথিবৃন্দ

Rabindra-Nazrul-Sukanta Joyanti



Rabindranath Tagore

RabindraNath Tagore (1861-1941) was the youngest son of Debendranath Tagore, a leader of the Brahmo Samaj, which was a new religious sect in nineteenth-century Bengal. He was educated at home; and although at seventeen he was sent to England for formal schooling, he did not finish his studies there. From time to time he participated in the Indian nationalist movement, though in his own non-sentimental and visionary way; and Gandhi, the political father of modern India, was his devoted friend. Tagore wrote successfully in all literary genres, he was first of all a poet. He was also a visual artist, playwright, novelist, educationist, social reformer, nationalist, business-manager and composer whose works reshaped Bengali literature and music in the late 19th and early 20th centuries. He became Asia's first Nobel laureate when he won the 1913 Nobel Prize in Literature. Tagore had early success as a writer in his native Bengal. With his translations of some of his poems he became rapidly known in the West. Internationally, *Gitanjali* is Tagore's best-known collection, winning him his Nobel Prize.

Sources: http://nobelprize.org/
http://en.wikipedia.org/wiki/Rabindranath_Tagore

Kazi Nazrul Islam

Kazi Nazrul Islam (1899–1976) was a Bengali poet, musician, revolutionary, and philosopher who pioneered poetic works espousing intense spiritual rebellion against orthodoxy and oppression. His poetry and nationalist activism earned him the popular title of *Bidrohi Kobi* (Rebel Poet). Accomplishing a large body of acclaimed works through his life, Nazrul is officially recognised as the national poet of Bangladesh and commemorated in India.

Born into a poor Muslim family, Nazrul received religious education and worked as a muezzin at a local mosque. At the age of eighteen he joined in Indian Army in 1917. After serving in the British Indian Army, Nazrul established himself as a journalist in Kolkata. He assailed the British Raj in India and preached revolution through his poetic works, such as "Bidrohi" ("The Rebel") and "Bhangar Gaan", as well as his publication "Dhumketu" ("The Comet"). Throughout his career, Nazrul wrote short stories, novels, and essays but he is best-known for his poems, in which he pioneered new forms such as Bengali ghazals. He wrote and composed music for his nearly 4,000 songs (including gramophone records), collectively known as Nazrul geeti (Nazrul songs), which are widely popular today

Source: http://en.wikipedia.org/



Sukanta Bhattacharya

Sukanta Bhattacharya (1926-1947) was one of the most honored poets of Bangla literature. He was called 'Young Nazrul' and 'Kishore Bidrohi Kobi'. Sukanta was born at his uncle's house in Kolkata. His ancestral home in the village Unshiya in Kotalipara, Gopalganj, Bengal (now part of Bangladesh). His father, Nibaran Bhattacharya, was in the book selling business in Kolkata.

Sukanta studied at Kamala Vidyamandir in Kolkata, and then at Beleghata Deshbandhu High School. He became involved in students' movements and leftist political activities while still a student. In 1944 he became a member of the Communist Party. He appeared at the Entrance examination in 1945, but failed to pass and dropped out.

His work is deeply marked and influenced by his communist experience. One of his shorter poems compares the moon with a burnt roti, a prosaicness born of hunger.

He edited the 'Kishore Sabha' section of the *Dainik Swadhinata* (1945), published by the Communist Party as well as a poetry anthology, *Akal* (1944), on behalf of the Society of Anti-Fascist Writers and Artists. As a poet as well he was committed to Marxism and wielded his pen against the Second World War, the famine of 1943, fascist aggression, communal riots etc. His poems, which describe the sufferings of the common people and their struggle for existence, look forward to an exploitation-free society. Sukanta died He died an early death at the age of 23. of tuberculosis in Kolkata on 13 May 1947.

Sources: http://banglapedia.search.com.bd/HT/B_0477.htm

রবীন্দ্র–নজরুল–সুকান্ত জয়ন্তী

(৮ম পৃষ্ঠার পর)

সফল করতে যারা সার্বক্ষণিক ভাবে সহায়তা করেছেন তাদের সবাইকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।

বাংলাদেশ সোসাইটি–পূজা ও সংস্কৃতি'র সুস্থ্য সংস্কৃতি লালনে এই ব্যতিক্রমধর্মী উদ্যোগকে অনুষ্ঠানে উপস্থিত সকলে বিশেষ ভাবে স্বাগত জানান।

শ্রী শ্রী শ্যামা পূজা
সোসাইটির কর্মকান্ডে নতুন সংযোজন

সদস্য–সদস্যাদের দীর্ঘদিনের প্রতিক্ষীত প্রত্যাশার প্রতিফলন ঘটাতে বর্তমান কার্যকরী পরিষদ সোসাইটির বাৎসরিক কার্যক্রমে শ্রী শ্রী শ্যামা পূজা সংযুক্ত করেছে। এবার থেকে প্রতি বছর সোসাইটি দুর্গা পূজা, ও সরস্বতী পূজার পাশাপাশি শ্যামা পূজাও অনুষ্ঠিত করবে।

সরস্বতী পূজা ২০০৯ অনুষ্ঠিত

(৯ম পৃষ্ঠার পর)

দর্শকদের প্রচুর করতালি প্রমান করে এ পরিবেশনাও তাঁরা পুরোপুরি উপভোগ করেছেন।

অনুষ্ঠান চলাকালীন সময়ে সোসাইটির পক্ষ থেকে পরিবেশিত গরম লুচি ও মিষ্টি দীর্ঘ অনুষ্ঠান উপভোগে দর্শকদের সহযোগিতা করে। সমগ্র অনুষ্ঠানটি রীতা সাহার নিপূণ উপস্থাপনায় মোহনীয় হয়ে উঠে।

সোসাইটির বাংলা স্কুল পূণরায় চালুর উদ্যোগ

বর্তমান কার্যকরী কমিটি সোসাইটির স্থগিত হয়ে যাওয়া বাংলা স্কুল পূণরায় চালু করার উদ্যোগ নিচ্ছে। স্কুলে অতীতের ন্যায় বাংলা ভাষা, বাংলা সঙ্গীত ও নৃত্য শেখানো হবে। এ ব্যাপারে প্রারম্ভিক ব্যবস্থা হিসেবে সম্ভাব্য ছাত্র–ছাত্রীর সংখ্যা নিরূপনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। আগ্রহী অভিভাবক–অভিভাবিকাদেরকে সোসাইটির সভাপতি বা সাধারণ সম্পাদকের সাথে যোগাযোগ করার জন্যে অনুরোধ জানানো হচ্ছে। আগ্রহী ছাত্র–ছাত্রীর সংখ্যার উপর ভিত্তি করে এ ব্যাপারে চুড়ান্ত সিদ্ধান্ত শ্রীঘ্রই আপনাদের জানানো হবে।

মাদার্স ডে পালিত

অত্যন্ত উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে এবারে বি.এস.পি.সি'র উদ্যোগে পালিত হল 'বিশ্ব মা দিবস'। গত ১০ই মে ২০০৯ তারিখে প্যারাম্যাটা সংলগ্ন উপশহর আর্মিংটন–এ 'রবীন্দ্র–নজরুল–সুকান্ত' জয়ন্তী অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত রিহার্সেলে উপস্থিত সোসাইটির মা'দের ফুল দিয়ে এবং কেক কেটে শ্রদ্ধা জানানো হয়। এসময় সন্তান লালন–পালনে মা'য়েদের ভালবাসা, কষ্ট, এবং ত্যাগ–তিতিক্ষাকে কৃতজ্ঞতার সাথে স্মরন করা হয়। উপস্থিত মা'য়েরা সোসাইটি'র এই ব্যতিক্রমধর্মী উদ্দ্যোগকে বিশেষভাবে স্বাগত জানান এবং বি.এস.পি.সি'র বর্তমান কার্যকরী পরিষদকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

নাই আর কোন কাজ

– রকিব–উদ্–দৌলা

স্বাধীনতা? কি তা?
শোন নাই? কি শুনি নাই?
স্বাধীনতাহীনতায় কে বাঁচিতে চায়? গো
কে বাঁচিতে চায়?

কেউই বাঁচিতে চায়না, কেউ না, কেউ না।।
আমরা? আমরাও কি চাই না বাঁচিতে?
অবশ্যই চাইনা স্বাধীনতাহীনতা,
যুদ্ধ ক'রেছি আমরা স্বাধীনতার জন্য
লক্ষ লক্ষ মা বোন ভাই হ'য়েছেন নিহত
তারা ধন্য, তারা ধন্য।
প্রান দিয়েছেন অবহেলে কত শত সৈন্য
তাই তো স্বাধীন দেশ পেয়েছি মোরা
তাই তো আমরাও ধন্য।।

এখন? অনেক সময় হ'য়েছে যে নষ্ট
তাতে আমরা সবাই পাচ্ছি কষ্ট
এখন কাজ দেশ গড়ার নহে নহে যুদ্ধ
এই কাজ ছাড়া, নাই আর কোন কাজ অন্য।
স্বাধীন আমরা ধন্য ধন্য।।

[নাই আর কোন কাজ অন্য' স্বরচিত এই কবিতাটি ভাষা সৈনিক জনাব রকিব–উদ্–দৌলা বি.এস.পি.সি–র স্বাধীনতা দিবস উদ্‌যাপনের উদ্বোধনীর সময় উৎসবের অংশ হিসেবে নতুন প্রজন্মের শিশু–কিশোর–কিশোরীদের জন্য উৎসর্গ করেছেন]

Nibedan

By Surface Mail

Postage Paid Australia

If undelivered, please return to-

Bangladesh Society for Puja & Culture Inc
PO Box 1151, ASHFIELD NSW 1800

Working Together for our Culture and Values

Royal City Solicitors

Solicitors & Barristers

Nirmalya Talukder (Nim)
LLB. LLM.

Area of Practice

- ★ Conveyancing (Buy or Sell Property- Our Fees from $695 + Expenses + GST)
- ★ Criminal Matters
- ★ RTA & Traffic Offences
- ★ Family Law (Property Settlement, Parenting, Divorce)
- ★ Civil Matters, Debt Recovery
- ★ Commercial Matters, Lease
- ★ Wills, Power of Attorney (Our Fees from $10 + Disbursements + GST)

First Consultation Free !!

Office: 279 The Boulevarde, Fairfield Heights NSW 2165
PO Box 92A, Fairfield Heights NSW 2165
Phone: (02) 9757 2333 Fax: (02) 9757 2391 Mob: 0401 227 529

If our office is too far from you, please do not hesitate to contact us to arrange a convenient location for appointment.

Printed by A1 Instant Printing, Tel: 95652301